



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৭

তারিখ : $\frac{02-06-1816 \text{ বঙ্গাব্দ}}{19-09-2009 \text{ খ্রিঃ}}$

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঈদ-উল-ফিতর উপলক্ষে সাপ্তাহিক ছুটির দিন শনিবার ব্যাংক শাখা খোলা রাখা প্রসঙ্গে।

ডিওএস সার্কুলার লেটার নং-১৮ তাং ০৭-১২-২০০৬ এর নির্দেশনা অনুযায়ী দেশের ব্যবসা-বাণিজ্য ও আমদানী রপ্তানী কার্যক্রম সম্পর্কিত লেনদেনের সুবিধার্থে সংশ্লিষ্ট সব বিমান বন্দর, সমুদ্র/নৌ বন্দর, স্থল বন্দরগুলোতে সাপ্তাহিক ছুটির দিন শুক্র ও শনিবার ব্যাংকগুলোর এডি শাখা খোলা রাখা এবং দেশের অপরাপর স্থানে এডি শাখাগুলোর মধ্যে যে সব শাখা খোলা রাখা প্রয়োজন সে সব শাখা ব্যাংকগুলোর স্থায়ী বিবেচনায় শনিবার খোলা রাখার নির্দেশনা বলবৎ আছে।

আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে লেনদেনের সুবিধার্থে আগামী ১৯ সেপ্টেম্বর/২০০৯ শনিবার যথাযথ নিরাপত্তা নিশ্চিত করে ব্যাংকসমূহ তাদের স্থায়ী বিবেচনায় তাদের সব শাখা অথবা সুনির্দিষ্ট কিছু শাখা খোলা রাখতে পারে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দেবপ্রসাদ দেবনাথ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫০৪৩৭